গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
দক্ষিণ নগর ভবন ১৩তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.dtca.gov.bd

স্মারক সংখ্যা ৩৫.০২.০০০০.০০২.১১.০০২.১৯-১৬৩

তারিখঃ ২৮ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর অধীনস্থ একটি সংবিধিবদ্ধ সংস্থা। বৃহত্তর ঢাকার পরিবহন ব্যবস্থা সুষ্ঠু, পরিকল্পিত, সমন্বিত আধুনিকীকরণই এ প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য। ডিটিসিএ এর অধিভুক্ত এলাকা ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর ও নরসিংদী জেলার পরিবহন সংশ্লিষ্ট সকল প্রকার উন্নয়ন পরিকল্পনা অনুমোদন, সমন্বয় ও পরিবীক্ষণ করে। ডিটিসিএ'র পরিকল্পনায় ঢাকা ম্যাস ট্রানিজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) এর মাধ্যমে উত্তরা হতে মতিঝিল পর্যন্ত মেট্রোরেল লাইন-৬ এবং ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী (ডিবিআরটি) এর মাধ্যমে গাজীপুর থেকে হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত বাস র‍্যাপিড ট্রানজিট-৩ এর নির্মাণ কাজ চলছে।

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)-এর রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনকৃত নিম্নলিখিত পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | অনূর্ধ্ব বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | ডেপুটি আরবান প্ল্যানার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আরবান প্ল্যানিং বিষয়ে স্নাতক ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ২। | ডেপুটি আর্কিটেক্ট<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আর্কিটেকচার বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৩। | ডেপুটি ট্রান্সপোর্ট প্ল্যানার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল/আরবান প্লানিং বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৪। | ডেপুটি ট্রান্সপোর্ট ইকোনোমিষ্ট<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ ট্রান্সপোর্ট প্লানিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা পরিবহন অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৫। | ডেপুটি ম্যানেজার (ট্রাফিক সার্ভে)<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৬। | ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল/যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৭। | ডেপুটি ট্রাফিক ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৮। | ডেপুটি ডিজাইন ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৯। | ডেপুটি পলিউশন কন্ট্রোল প্লানিং অফিসার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল/ এনভায়রনমেন্টাল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ এনভায়রনমেন্টাল সাইন্স/ ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১০। | ডেপুটি মাস ট্রানজিট প্ল্যানার (এমআরটি)<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল/যন্ত্রকৌশল/ তড়িৎকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১১। | ডেপুটি মাস ট্রানজিট প্ল্যানার (বিআরটি)<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল/যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১২। | ডেপুটি মাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (এমআরটি)<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল/যন্ত্রকৌশল/তড়িৎকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১৩। | ডেপুটি মাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ব্যবিদ্যালয় হইতে পুরকৌশল/যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১৪। | সিনিয়র সহকারী হিসাব ও অর্থ কর্মকর্তা<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৭ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য/হিসাব বিজ্ঞান/ ফিন্যান্স বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১৫। | প্রোগ্রামার<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৫ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | অনূর্ধ্ব বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১৬। | প্রোগ্রামার (ডাটাবেজ)<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৫ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১৭। | প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস এডমিনিসট্রেটর)<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৫ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১৮। | প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস অপারেশন এন্ড মেইনটেন্যান্স)<br>গ্রেড-৭, বেতন স্কেল-২৯০০০-৬৩৪১০/- | ৩৫ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| | | মোট | ১৮ | |

<u>শর্তসমূহঃ</u>

১. নিয়োগ বিজ্ঞপ্তি www.rthd.gov.bd, www.dtca.gov.bd ও http://dtca.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রার্থীগণকে http://dtca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশপূর্বক Online Application Form পূরণ করার মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আবেদনপত্র আগামী ১লা এপ্রিল ২০১৯ সকাল ৯:০০ ঘটিকা হতে ৩০ এপ্রিল ২০১৯ তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে।

৩. প্রার্থীগণকে আবেদন ফী বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য), Teletalk এর Prepaid নম্বর থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।

৪. আবেদনকৃত প্রার্থীগণের মধ্য হতে বাছাইকৃত ও যোগ্য প্রার্থীগণকে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে এবং মেধাক্রমের ভিত্তিতে উপযুক্ত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স আবেদনপত্র দাখিলের শেষ তারিখে সারণিতে পদের পাশে উল্লিখিত বয়সসীমার মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

৬. ১-১৮ নং ক্রমিকের শিক্ষা জীবনে কোনস্তরে পরীক্ষায় তৃতীয় শ্রেণীর ফলাফল গ্রহণযোগ্য নয় (এসএসসি/এইচএসসি বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ২.০০; অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ ৪ এবং ৫ পয়েন্ট স্কেলে যথাক্রমে সর্বনিম্ন সিজিপিএ ২.২৫ ও ২.৮১৩)।

৭. O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৮. একজন প্রার্থী কেবলমাত্র ০১ (এক) টি পদের জন্য আবেদন করতে পারবেন।

৯. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, প্রকল্প বা কোম্পানিতে কর্মরত আগ্রহী প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

১০. কোন পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে টিএ-ডিএ প্রদান করা হবে না।

১১. চূড়ান্তভাবে মনোনিত প্রার্থীকে অবশ্যই যথোপযুক্ত নির্ধারিত চিকিৎসক - চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১২. লিখিত পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম-পেন্সিলসহ অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সাথে আনতে হবে। প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৩. মৌখিক পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই সকল সনদ, অভিজ্ঞতা, NID (যদি থাকে) ও প্রশিক্ষণের মূলকপি প্রদর্শন করতে হবে এবং প্রত্যেকটি সনদের ১ (এক) কপি সত্যায়িত ছায়ালিপি ও ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ প্রয়োজনে পদ সংখ্যা হ্রাস - বৃদ্ধি বা সমন্বয় করতে পারবেন।

১৫. তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. যে কোন ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

১৭. লিখিত পরীক্ষার সময়সূচি ও স্থান (কেন্দ্রের ঠিকানা), প্রবেশপত্র, মৌখিক পরীক্ষার সময়সূচি, ফলাফল ও অন্যান্য প্রয়োজনীয় বিষয় আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে প্রদান করা হবে। এ ছাড়াও টেলিটক এর ওয়েবসাইটে http://dtca.teletalk.com.bd এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের ওয়েবসাইটে www.dtca.gov.bd এ পাওয়া যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা পুরো নিয়োগ প্রক্রিয়া বাতিল বা সাময়িকভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

নির্বাহী পরিচালক
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ